গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

**ঢাকা, বুধবার ১১ মার্চ ২০১৫, ২৭ ফাল্গুন ১৪২১**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। ৭৫ হাজার কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন
২। দেশ প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে চলছে : সংসদে প্রধানমন্ত্রী
৩। তৈরি পোশাক শিল্পে সহায়তা অব্যাহত রাখবে জার্মানি : বার্লিনে বাণিজ্যমন্ত্রী
৪। দুর্নীতি ঠেকাতে ভূমি অফিসে সিসি ক্যামেরা বসানোর উদ্যোগ
৫। ২৬ মার্চ উপলক্ষে পুরো রাজধানী ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় আনা হচ্ছে
৬। সমুদ্র এলাকার যথার্থ ব্যবহারে শক্তিশালী নৌশক্তি গড়ে তোলা হচ্ছে
৭। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হবে ৬ শতাংশ : আইএমএফ
৮। জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৩ ঘোষণা
৯। দেশে সফটওয়্যার খাতে বাড়ছে সম্ভাবনা
১০। সোয়াইন ফ্লু মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ

চলমান পাতা/২

১। ৭৫ হাজার কোটি টাকার সংশোধিত এডিপি অনুমোদন

চলতি ২০১৪-১৫ অর্থবছরের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচির (আরএডিপি) আকার ৭৫ হাজার কোটি টাকায় দাঁড়াচ্ছে। যা অর্থবছরের আট মাসের মাথায় মূল এডিপি থেকে ৫ হাজার ৩১৫ কোটি টাকা বরাদ্দ কমানো হল। চলতি অর্থবছরের বাজেটে এডিপির আকার ধরা হয় ৮০ হাজার ৩১৫ কোটি টাকা। প্রকল্প বাস্তবায়ন আশানুরূপ না হওয়ায় এডিপির আকার কমিয়ে আনা হয়েছে। যদিও ৭২ হাজার কোটি টাকার আকার ধরে খসড়া আরএডিপি তৈরি করে পরিকল্পনা কমিশন। বিভিন্ন মন্ত্রণালয়ের দাবির পরিপ্রেক্ষিতে আরও ৩ হাজার কোটি টাকা বরাদ্দ বাড়িয়ে দেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সরকারের নিজস্ব অর্থায়ন থেকে এ বরাদ্দ দেওয়া হয়। গতকাল ১০ মার্চ মঙ্গলবার রাজধানীর আগারগাঁওয়ের এনইসি সম্মেলন কক্ষে আয়োজিত বৈঠকে সংশোধিত এডিপির চূড়ান্ত অনুমোদন দেওয়া হয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এতে সভাপতিত্ব করেন। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.২), ফিনানসিয়াল এক্সপ্রেস (পৃ.১,ক.৩), নিউ নেশন (পৃ.১,ক.২)।

২। দেশ প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে চলছে : সংসদে প্রধানমন্ত্রী

সংসদ নেতা ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, দেশ এক প্রতিকূল অবস্থার মধ্য দিয়ে চলছে। দেশে এ অবস্থার সৃষ্টি করেছে একটি রাজনৈতিক দল বা জোট। যখন মানুষকে পুড়িয়ে-জ্বালিয়ে মারছে তখন ডা. সিরাজুল আকবরের মতো একজন রাজনৈতিক নেতার প্রয়োজন ছিল। গতকাল ১০ মার্চ মঙ্গলবার সংসদ অধিবেশনে সংসদ সদস্য মরহুম ডা. সিরাজুল আকবরের ওপর জাতীয় সংসদে আনীত শোক প্রস্তাবের ওপর আলোচনায় অংশ নিয়ে প্রধানমন্ত্রী এ কথা বলেন। সূত্র-ইত্তেফাক (পৃ.১৭,ক.১), জনকণ্ঠ (পৃ.১,ক.১), ইনকিলাব (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.৩,ক.১)।

৩। তৈরি পোশাক শিল্পে সহায়তা অব্যাহত রাখবে জার্মানি : বার্লিনে বাণিজ্যমন্ত্রী

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশে তৈরি পোশাক কারখানার শ্রমিকদের মজুরি, অধিকার নিশ্চিতকরণ, ফায়ার সেফটি, ভবন নিরাপত্তা, নিরাপদ ও কর্মবান্ধব পরিবেশ নিশ্চিত করতে সরকার কার্যকর পদক্ষেপ নিয়েছে। এর সুফল শ্রমিকরা পেতে শুরু করেছেন। জার্মানির বার্লিনে সফররত বাণিজ্যমন্ত্রী গতকাল ১০ মার্চ মঙ্গলবার জার্মানির লেবার অ্যান্ড সোস্যাল অ্যাফেয়ার্স বিষয়ক স্টেট সেক্রেটারি ইয়োর্গ আজনুসেনের সঙ্গে একান্ত বৈঠকে এসব কথা বলেন। ঢাকায় বাণিজ্য মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে গতকাল ১০ মার্চ মঙ্গলবার এ কথা জানানো হয়েছে। সূত্র-সমকাল (পৃ.১৭,ক.১)।

৪। দুর্নীতি ঠেকাতে ভূমি অফিসে সিসি ক্যামেরা বসানোর উদ্যোগ

সারাদেশের ভূমি অফিসের অব্যাহত দুর্নীতি অনিয়ম ঠেকাতে এবার ক্লোজ সার্কিট ক্যামেরা (সিসি ক্যামেরা) বসানোর উদ্যোগ নিয়েছে ভূমি মন্ত্রণালয়। পরীক্ষামূলকভাবে প্রথমে স্বল্প পরিসরে এই সিসি ক্যামেরা বসানো হবে বলে সংসদে জানিয়েছেন ভূমিমন্ত্রী শামসুর রহমান শরিফ। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১), প্রথম আলো (পৃ.১৭,ক.৩)।

৫। ২৬ মার্চ উপলক্ষে পুরো রাজধানী ক্লোজ সার্কিট ক্যামেরার আওতায় আনা হচ্ছে

পুরো রাজধানী ক্লোজ সার্কিট ক্যামেরার (সিসিটিভি) আওতায় আনা হচ্ছে। আইনশৃঙ্খলা ব্যবস্থা জোরদার করতে সরকারিভাবে রাজধানী জুড়ে সিসিটিভি বসানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এর আগে রাজধানীর বহুতল ভবনগুলোতে সিসি ক্যামেরা বসানোর জন্য ভবন মালিকদের অনুরোধ জানিয়েছে সরকার। পাশাপাশি কোনো ভবন থেকে ককটেল বা বোমা বিস্ফোরণের ঘটনা ঘটলে তার দায়ও ভবন মালিকদেরই নিতে হবে বলে সতর্ক করা হয়েছে। ২৬ মার্চ উপলক্ষে গতকাল ১০ মার্চ মঙ্গলবার সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), সংবাদ (পৃ.১,ক.১), ইত্তেফাক (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.২), ডেইলি স্টার (পৃ.৩,ক.১)।

৬। সমুদ্র এলাকার যথার্থ ব্যবহারে শক্তিশালী নৌশক্তি গড়ে তোলা হচ্ছে

বাংলাদেশের বিশাল সমুদ্র এলাকায় জলদস্যু, মাদক, অস্ত্র, মানব চোরাচালান প্রতিরোধ এবং মৎস্য ও খনিজ সম্পদের সুরক্ষা ও যথাযথ ব্যবহার নিশ্চিত করতে সরকার একটি শক্তিশালী নৌশক্তি গড়ে তোলার কার্যক্রম হাতে নিয়েছে। এ লক্ষ্যে বর্তমান সরকার কর্তৃক ফোর্সেস গোল প্রণয়নপূর্বক দীর্ঘমেয়াদী পরিকল্পনা বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। একই সঙ্গে নৌবাহিনীকে ত্রিমাত্রিক নৌবাহিনীতে রূপান্তর করতে সাবমেরিন সংগ্রহের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। গতকাল ১০ মার্চ মঙ্গলবার জাতীয় সংসদে টেবিলে উত্থাপিত প্রশ্নোত্তর পর্বে এসব তথ্য জানান সংসদে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম। সূত্র-জনকণ্ঠ (পৃ.২,ক.১)।

৭। চলতি অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি হবে ৬ শতাংশ : আইএমএফ

চলতি অর্থবছরে দেশজ মোট উৎপাদন (জিডিপি) প্রবৃদ্ধি হবে ৬ শতাংশ। রাজনীতি স্থিতিশীল থাকলে আগামী অর্থবছরে প্রবৃদ্ধি সাড়ে ৬ শতাংশ অর্জন হবে। তবে চলমান অস্থিতিশীল অবস্থা দীর্ঘ হলে বিনিয়োগে নেতিবাচক প্রভাব পড়তে ও অর্থনীতি আরও বেশি ক্ষতিগ্রস্ত হতে পারে। রয়েছে মূল্যস্ফীতির ঝুঁকিও। গতকাল ১০ মার্চ মঙ্গলবার অর্থ মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনে ঢাকায় সফররত আন্তর্জাতিক মুদ্রা তহবিল (আইএমএফ) প্রতিনিধিদলের প্রধান ও সংস্থার এশিয়া প্যাসিফিক বিভাগের উপ-প্রধান রডরিগো কুবেরো এ পূর্বাভাস দিয়েছেন।

সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.২), ইত্তেফাক (পৃ.২,ক.২), ইন্ডিপেনডেন্ট (পৃ.১,ক.৩), ডেইলি সান (পৃ.১,ক.২)। ফিনানসিয়াল এক্সপ্রেস, নিউজ টুডে এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৮। জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৩ ঘোষণা

জাতীয় চলচ্চিত্র পুরস্কার ২০১৩ ঘোষণা করা হয়েছে। মোট ২৫টি শাখায় পুরস্কার প্রদান করা হবে। তথ্য মন্ত্রণালয় থেকে গতকাল ১০ মার্চ মঙ্গলবার এ বিষয়ে এক প্রজ্ঞাপন জারি করা হয়েছে। দেশীয় চলচ্চিত্রে অনন্য অবদানের স্বীকৃতিস্বরূপ আজীবন সম্মাননা পেতে যাচ্ছেন জনপ্রিয় অভিনেত্রী সারাহ্ বেগম কবরী। এবছর শ্রেষ্ঠ চলচ্চিত্র নির্বাচিত হয়েছে 'মৃত্তিকা মায়া'। সূত্র-যুগান্তর (শেষ পৃ.,ক.১), ইত্তেফাক (শেষ পৃ.,ক.১), ডেইলি সান (শেষ পৃ.,ক.১), নিউ নেশন (শেষ পৃ.,ক.১)।

৯। দেশে সফটওয়্যার খাতে বাড়ছে সম্ভাবনা

বাংলাদেশ থেকে সফটওয়্যার রপ্তানি ক্রমাগত বাড়ছে। ২০০৯ থেকে ২০১৪ সাল পর্যন্ত পাঁচ বছরে এ খাতে রপ্তানি বেড়েছে সাড়ে সাত গুণ। প্রবৃদ্ধির এ ধারা অব্যাহত থাকলে ২০১৮ সাল নাগাদ সফটওয়্যার রপ্তানি ১০০ কোটি মার্কিন ডলারে উন্নীত করা সম্ভব বলে মনে করেন খাতসংশ্লিষ্ট ব্যক্তিরা। আবার স্থানীয়ভাবেও অনলাইনভিত্তিক কেনাকাটা, আবেদন-নিবন্ধন ও মূল্য সংযোজন কর (মূসক) পরিশোধ; বিভিন্ন ব্যাংক, বাণিজ্যিক প্রতিষ্ঠান ও মুঠোফোন কোম্পানির প্রয়োজনীয় অ্যাপ্লিকেশন উন্নয়ন এবং তথ্যপ্রযুক্তি সংক্রান্ত (আইটি) অবকাঠামো ব্যবস্থাপনায়ও সফটওয়্যারের চাহিদা দিন দিন বাড়ছে। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.৩)।

১০। সোয়াইন ফ্লু মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ

প্রাণঘাতী সোয়াইন ফ্লু মোকাবিলায় প্রস্তুত বাংলাদেশ। দেশের স্থল, সমুদ্র ও আকাশপথ মিলিয়ে মোট ২৭টি বন্দরে কড়া নজরদারি রাখা হচ্ছে। সতর্কতার সঙ্গে কাজ করছে মেডিকেল টিম। গত দুই মাসে প্রতিবেশী দেশ ভারতে সোয়াইন ফ্লুর প্রাদুর্ভাবে এক হাজার তিনশ মানুষ মারা যায়। বিশেষ করে পশ্চিম বাংলায় ১৩ জনের মৃত্যু ঘটায় বাংলাদেশের সীমান্তবর্তী জেলাগুলোতে কঠোর নজরদারি রাখছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। প্রতি জেলার হাসপাতালে আলাদা ইউনিট প্রস্তুত রেখেছে সরকার। গতকাল ১০ মার্চ মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয় সূত্রে এসব তথ্য জানা গেছে। সূত্র-বাংলাদেশ প্রতিদিন (শেষ পৃ., ক.২), নিউ নেশন (শেষ পৃ.,ক.২)।

## সম্পাদকীয়

ক. প্রথম আলো, যুগান্তর, সংবাদ, ইনকিলাব, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, ডেইলি স্টার, ডেইলি অবজারভার, নিউজ টুডে, নিউ এজ : ইংল্যান্ডের বিপক্ষে বাংলাদেশের অবিস্মরণীয় বিজয় উদ্‌যাপনে সমগ্র জাতিকে একাত্ম হওয়ার কথা উল্লেখ করে ক্রিকেট ঘিরে তৈরি ঐক্যের সংকল্প রাজনীতিতেও ছড়িয়ে পড়ুক বলে প্রত্যাশা ব্যক্ত;

খ. প্রথম আলো, জনকণ্ঠ : ঢাকা বিশ্ববিদ্যালয়ের চাকুরিচ্যুত ৫২ শিক্ষকের কাছে পাওনা অর্থ ফেরত আনার জন্য আইনগত ব্যবস্থা নেওয়ার সুপারিশ;

গ. ইত্তেফাক : ওষুধ শিল্পের বিকাশে অবৈধ ও অবৈজ্ঞানিক প্রক্রিয়ায় ওষুধের উৎপাদন ও বিপণনের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার আহ্বান;

ঘ. জনকণ্ঠ, সংবাদ : সারাদেশে জঙ্গীদের সকল অস্ত্রভাণ্ডার খুঁজে বের করে জরুরিভিত্তিতে অস্ত্র উদ্ধারের অভিযান চালানোর ওপর গুরুত্বারোপ;

ঙ. যুগান্তর : দেশীয় শিল্পের বিকাশ ও কর্মসংস্থানের স্বার্থে পুলিশের কেনাকাটাসহ সরকারি সব ক্রয়ে দেশীয় প্রতিষ্ঠানে উৎপাদিত পণ্যকে অগ্রাধিকার দেওয়ার আহ্বান;

চ. সমকাল : সম্প্রতি যাত্রীবাহী লঞ্চ থেকে পাঁচ মণ হরিণের মাংস ও ৭৭টি জবাইকৃত অতিথি পাখি আটকের প্রেক্ষিতে সুন্দরবনের সৌন্দর্য রক্ষায় মানুষের পশু প্রবৃত্তিকে সামলাতে হবে বলে অভিমত;

ছ. ডেইলি স্টার : অবরোধ-হরতালে ভূমি অফিসে হামলায় জড়িতদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

জ. ইন্ডিপেনডেন্ট : দেশের পাবলিক পরীক্ষা ও শিক্ষা প্রতিষ্ঠানকে রাজনৈতিক কর্মসূচির বাইরে রাখার আহ্বান;

ঝ. ডেইলি সান : সড়ক দুর্ঘটনা এড়াতে হাইওয়ের ঝুঁকিপূর্ণ ২২৭টি স্পটকে কঠোর মনিটরিংয়ের আওতায় আনার সুপারিশ;

ঞ. নিউজ টুডে : বিশ্ববাজারে টিকে থাকতে হলে মানসম্পন্ন বাংলাদেশি পণ্য উৎপাদনের দিকে নজর দিতে হবে বলে অভিমত;

ট. ফিনানসিয়াল এক্সপ্রেস : নদী সম্পদের সুরক্ষা ও যথোপযুক্ত ব্যবহারের লক্ষ্যে নদী ভাঙনরোধে জরুরিভিত্তিতে যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকার কলামে ২০১৫ সালের জানুয়ারিতে প্রকাশিত ফতোয়া সংক্রান্ত সুপ্রিম কোর্টের রায় পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

জনকণ্ঠ পত্রিকায় প্রকাশিত ‘এবারের স্বাধীনতা পদক প্রসঙ্গে’ শিরোনামের নিবন্ধে আবদুল গাফফার চৌধুরী স্বাধীনতার পদক ও একুশের পদক দেওয়ার সময়ে দলপ্রীতি, স্বজনপ্রীতি থেকে এই সম্মানজনক পুরস্কার ও পদকগুলোকে উর্ধ্বে রাখা দরকার বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপ্লু/২০১৫/৯.০০ ঘণ্টা